


**ডিএসকে'র ই-লোন আবেদনপত্র পূরণ সহায়িকা**

# A guidline: How to fill out a DSK e-Loan application form
# ( ডিএসকে ই-লোনের আবেদনপত্র পূরণের সহায়ক নির্দেশিকা)


**ক. সাধারণ নির্দেশনা ঃ** *DSK e-Loan* থেকে ঋণ গ্রহণের জন্য আবেদন করার পূর্বেই প্রাসঙ্গিক সকল নিয়মকানুন, বিশেষত ঋণের পরিমান, পরিশোধের মেয়াদ, সুদ/ সার্ভিস চার্জের হার এবং প্রতি মাসে পরিশোধযোগ্য ঋণকিস্তির পরিমান-EMI (আসল ও সুদ), অন্যান্য খরচ, প্রয়োজনীয় কাগজপত্র(ডক্যুমেন্টস্), গ্যারান্টার নির্বাচন ইত্যাদি এ সংক্রান্ত ওয়েবসাইট (*https://dskmart.com/eloan*) /অ্যাপ থেকে জেনে নিবেন। এ বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) আইডি এবং পাতা রয়েছে। ইউটিউবেও ভিডিও ডক্যুমেন্টারি আপলোড করা হবে। এ সব পেইজ/ আইডি ক্লিক করে সহজে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

***DSK e-Loan*** **-এ ঋণ আবেদনপত্র পূরণ, প্রয়োজনীয় ডক্যুমেন্টস্ (কাগজপত্র) সংযুক্তকরণ এবং উপস্থাপন/ সাবমিশন অনলাইনে ওয়েবসাইট কিংবা অ্যাপ থেকে করা যাবে।**


**খ. কোন্ ধরনের ডিভাইজ/ স্মার্ট সেল ফোন লাগবে ঃ** ডেস্কটপ/ ল্যাপটপ-এ ঋণ আবেদনপূরণ এবং সাবমিট করতে চাইলে এটির যথাযথ ইন্টারনেট সংযোগ থাকতে হবে। সাধারণ মানের যে কোন ধরনের ডেস্কটপ/ ল্যাপটপ থেকে ঋণ আবেদন উপস্থাপন করা যাবে। সেল ফোনের মাধ্যমে আবেদন করতে চাইলে অবশ্যই এটি গ্রহণযোগ্য মানের হতে হবে এবং ইন্টারনেট সংযোগ থাকতে হবে।

**ঘ. কিভাবে শুরু করবেন ঃ** ডেস্কটপ/ ল্যাপটপ/ট্যাব কিংবা স্মার্ট সেল ফোনের মাধ্যমে *DSK e-Loan* আবেদন করতে চাইলে আপনাকে লিংকের মাধ্যমে (https://dskmart.com/ecommerce/eloan) **ঋণ আবেদন/ই-লোন আবেদন** বাটন ক্লিক করে অগ্রসর হতে হবে। অথবা *DSK e-Loan* অ্যাপটি ডাউনলোড করে নিতে হবে।

***আবেদনপত্র পূরণ ও সাবমিট করার পূর্বে আপনি সকল প্রয়োজনীয় কাগজপত্র (ডক্যুমেন্টস্) সংগ্রহ করেছেন কিনা তা নিশ্চিত হবেন। (https://dskmart.com/ecommerce/eloan/documents)***




**ঙ. নিবন্ধন (Registration) ও লগইন (Log in) ঃ**




আপনি যদি প্রথবারের মতো ই-লোন আবেদন ফর্মে প্রবেশ করতে চান, অর্থাৎ ঋণ আবেদনপত্র অংশে নবাগত হয়ে থাকেন, তাহলে আপনাকে রেজিস্ট্রেশন/ নিবন্ধন করতে হবে। এজন্য *এখন নিবন্ধন করুন* (লাল বৃত্ত চিহ্নিত) অংশে ক্লিক করতে হবে। তারপর 'এখানে অ্যাকাউন্ট তৈরি করুন' অংশে প্রয়োজনীয় তথ্যাদি (নাম, ই-মেইল/মোবাইল ফোন নং এবং একই ধরনের পাসকোড/ পাসওয়ার্ড দুইবার ) দিতে হবে। তথ্যাদি দিয়ে একাউন্ট তৈরি করুন ক্লিক করলে আপনি নিবন্ধিত/ রেজিস্টার্ড হয়ে গেলেন। পরবর্তীতে প্রতিবারই একাউন্ট লগ-ইনে তথ্য ( মোবাইল ফোন নং এবং পাসকোড) দিয়ে খুব সহজে আপনি আবেদন ফর্মে প্রবেশ করতে পারবেন। **পাসকোড/ পাসওয়ার্ডটি অবশ্যই মনে রাখতে হবে, লিখে রাখা ভালো হবে।** কারণ পরবর্তীতে যতবারই লগইন/ এ আবেদন ফরমে প্রবেশ করতে চাইবেন, প্রত্যেকবারই একই পাসকোড/ পাসওয়ার্ড দিতে হবে।

**চ. ঋণ আবেদনের জন্য প্রয়োজনীয় ডক্যুমেন্টস্ এবং সংযুক্তকরণ ও প্রেরণ ঃ**

(https://dskmart.com/ecommerce/eloan/documents) ক্লিক করুন

১. **ঋণ গ্রহীতার ছবি ও এনআইডিঃ** আবেদনকারীর ছবি ও জামিনদারের ছবি (পাসপোর্ট সাইজ) সর্বনিম্ন ১০০কেবি এবং আবেদনকারীর এনআইডি/স্মার্ট কার্ডের কপি, পরিবারের অন্য একজন গুরুত্বপূর্ণ সদস্য/নমিনীর ছবি, পরিবারের অন্য একজন গুরুত্বপূর্ণ সদস্য/নমিনীর এনআইডি, বিদ্যুত বিল/গ্যাস বিল/পানির বিল কপি, জামিনদারের এনআইডি/স্মার্ট এনআইডি'র কপি, ব্যাংকের ষ্টাটমেন্ট (৬ মাস), ট্রেড লাইসেন্স, টিআইএন (টিন) সার্টিফিকেট (যদি থাকে), দোকানের মালিকানার কাগজপত্র (হালনাগাদ কর পরিশোধ)/বাড়ির মালিকের সাথে চুক্তির কপি ইত্যাদি সর্বনিম্ন ৩০০ কেবি (প্রতিটি) হতে হবে। মোবাইল ফোনে ছবি তুলে সংযুক্ত করলে ছবি স্পষ্ট বোঝা যায় এমন হতে হবে।

২. **পরিবারের অন্য একজন গুরুত্বপূর্ণ সদস্য/নমিনির ছবি ও এনআইডিঃ** পরিবার/ খানার অন্য একজন গুরুত্বপূর্ণ সদস্য (মূলত আবেদনকারীর স্বামী/ স্ত্রী)/অবিবাহিত হলে মাতা/ পিতা কিংবা ব্যতিক্রম হলে কোন অভিভাবক, যিনি জীবিত এবং জাতীয় পরিচায়পত্র/ স্মার্ট কার্ড আছে এমন কাউকে নমিনি নির্বাচিত করে তথ্য ও ছবি দিতে হবে । ছবি এবং ডক্যুমেন্টস্ -এর সাইজঃ অনুরূপ (চ. ১.)

৩. **পরিবারের বাইরে উপযুক্ত একজন *গ্যারান্টার/ জামিনদারের ছবি ও এনআইডিঃ**

গ্যারান্টার/ জামিনদার নির্বাচন নির্ধারিত বিধিমালা অনুযায়ী হবে (https://dskmart.com/ecommerce/eloan/faqs), নির্বাচিত গ্যারান্টারের ছবি এবং এনআইডি'র (ছবি এবং ডক্যুমেন্টস্ সাইজঃ অনুরূপ) কপি (ছবি/ স্ক্যান কপি) সংযুক্ত করতে হবে।

৪. **ট্রেড লাইসেন্স/ ভ্যাট নিবন্ধন/ ব্যবসায়িক নিবন্ধনঃ**

আবেদনকারীর চাহিত ঋণের **পরিমান ১.০ (এক) লক্ষ টাকার উপরে** হলে ব্যবসায়িক ট্রেড লাইসেন্স বাধ্যতামূলক। অন্যথায় লাগবে না। ট্রেড লাইসেন্স কিংবা ভিন্ন কোন ডক্যুমেন্ট থাকলে ছবি তুলে তা অনুরূপভাবে আপলোড/ সংযুক্ত করতে হবে।

৫. **উদ্যোগ/ ব্যবসাস্থলের কিংবা আবাসস্থলের ইউটিলিটি বিলের কপিঃ**

আবেদনকারীর দোকান কিংবা ব্যবসা প্রতিষ্ঠানের কিংবা উদ্যোগ (ফার্ম, কারখানা ইত্যাদি)-যেখানে অবস্থিত, উক্ত স্থানের (বাড়ীর/দোকানের) বিদ্যুৎ বিল/ পানির বিল/ গ্যাস বিলের (যেকোন একটি) কপি (ছবি/স্ক্যান) সংযুক্ত করতে হবে। এক মাসের বিলের কপিটি হালনাগাদ (সর্বোচ্চ ৬ মাসের মধ্যে) হতে হবে।

৬. **উদ্যোগ/ ব্যবসা (অনলাইন ব্যবসা ব্যতীত)'র মালিকানা সংক্রান্ত কাগজপত্র (হালনাগাদ কর পরিশোধ, বাড়ির মালিকের সাথে চুক্তির কপি ইত্যাদি)ঃ**

উদ্যোগ/ ব্যবসাটি আপনার নিজ মালিকানাধীন জায়গায় পরিচালিত হলে, উক্ত স্থানের/ জায়গার মালিকানার স্বপক্ষে ডক্যুমেন্টস্ এর সফট্ কপি সাবমিট করতে হবে। ডক্যুমেন্টস্ হতে পারে পৌরসভা/ সিটি কর্পোরেশনের কর পরিশোধ-এর রশিদ/ জমির কর পরিশোধের রশিদ। ছবি/ স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

উদ্যোগ/ ব্যবসাটি যদি ভাড়া স্থানে পরিচালিত হয়, তাহলে জায়গা/ দোকান ঘরের মালিকের সাথে আপনার/গ্রাহকের একটি লিখিত চুক্তি থাকতে হবে। এই চুক্তির ছবি/ স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

৭. **ব্যবসায়ী/ উদ্যোক্তার কিংবা ব্যবসার অনুকূলে ব্যাংক হিসেবের স্ট্যাটমেন্ট/ এমএফএস-এর স্ট্যাটমেন্টঃ**


আপনার (আবেদনকারীর) ব্যক্তিগত কোন ব্যাংক হিসাব কিংবা আপনার মালিকানাধীন ব্যবসার অনুকূলে কোন ধরনের ব্যাংক হিসাব থাকতে হবে। এ ব্যাংক হিসাবে বিগত ৩/৬ মাসের লেনদেন সম্পর্কিত স্ট্যাটমেন্ট এর কপি (ছবি/ স্ক্যান) সংযুক্ত করতে হবে।

এছাড়া আপনার ঋণের অংক নির্দিষ্ট পরিমানের চাইতে কম হলে, নিজ বিবেচনায়- এমএফএস (বিকাশ, নগদ, রকেট ইত্যাদি)-এ ঋণের অর্থ লেনদেন করা যাবে। এক্ষেত্রে আপনার কোন একটি এমএফএস হিসাবের লেনদেনের চিত্র (ছবি/ স্ক্যান কপি/ স্ক্রীন শট) সংযুক্ত করতে হবে, যেখানে আপনি ঋণের অর্থ লেনদেন করতে আগ্রহী।

*** প্রয়োজনীয় ডক্যুমেন্টস্ এর সংখ্যা নির্ভর করবে ই-লোন গ্রাহকের ক্যাটাগরি, চাহিত ঋণের পরিমান, ঋণের দফা ইত্যাদি বিবেচনায়। '*' চিহ্নিত ডক্যুমেন্টস্ অবশ্যই উপরে বর্ণিত নির্দিষ্ট সাইজের স্ক্যান/ছবি হিসাবে সংযুক্ত করতে হবে।**

### ছ. ই-লোন আবেদন ফরম (কিভাবে পূরণ করতে হবে) ঃ

**১. ক্যাটাগরি সিলেকশন/ নির্বাচনঃ**





***আপনাকে (আবেদনকারীকে) উপরে চিহ্নিত (রেড সার্কেল) অপশন থেকে যে কোন একটি ক্যাটাগরি সিলেক্ট/ নির্বাচন করতে হবে।***

- আপনি (***আবেদনকারী***) যদি ডিএসকে ঋণ কর্মসূচির সদস্য/ ঋণ গ্রহিতা (চলমান) হয়ে থাকেন। তাহলে অবশ্যই আপনাকে **ক. *ডিএসকে ঋণ কার্যক্রমের সদস্য*** ক্যাটাগরি সিলেক্ট করতে হবে;
- আপনার পরিবার/ খানাভুক্ত (স্বামী/ স্ত্রী, পিতা/ মাতা, নায্য অভিভাবক) কেউ যদি ডিএসকে ঋণ কর্মসূচির সদস্য/ ঋণ গ্রহিতা (চলমান) হয়ে থাকেন, তা হলে ***খ. ডিএসকে ঋণ কার্যক্রমের সদস্য'র স্বামী/ স্ত্রী/ অভিভাবক*** ক্যাটাগরি সিলেক্ট করতে হবে;
- আপনি/আপনার পরিবার/খানাভুক্ত কেউ যদি ডিএসকে ঋণ কর্মসূচির সদস্য/ ঋণ গ্রহিতা (চলমান) না হয়ে থাকেন, তাহলে আপনার ব্যবসা কিংবা উদ্যোগ-এর ধরন বিবেচনায় আপনার ক্যাটাগরি সিলেক্ট করতে হবে।
- আপনি যদি কোন ই-কমার্স/অনলাইন ব্যবসায়ী হয়ে থাকেন এবং আপনার যদি কোন দৃশ্যমান অনলাইন ব্যবসা/ উদ্যোগ (ওয়েবপেইজ/ সোস্যাল মিডিয়া পেজ-ফেসবুক, ইন্সস্টাগ্রাম ইত্যাদি) থাকে তাহলে আপনাকে **গ. অনলাইন/ ই-কমার্স ব্যবসায়ী** ক্যাটাগরি সিলেক্ট করতে হবে।
- আপনার (***আবেদনকারীর***) উদ্যোগ কিংবা ব্যবসাটি যদি দৃশ্যমান হয় এবং ডিএসকে ই-লোনের জন্য নির্ধারিত কর্ম এলকায় এর অবস্থান হয়ে থাকে তাহলে আপনাকে **ঘ. সাধারণ ব্যবসায়ী/ উদ্যোক্তা** শ্রেনীতে আবেদন করতে হবে। এজন্য ঘ. ক্যাটাগরি সিলেক্ট করতে হবে;
- **আপনার ব্যবসার পরিধি যাই থাকুক না কেন আপনার ব্যবসায়িক ঠিকানা ও অবস্থান আমাদের নির্ধারিত কর্মএলাকায় হতে হবে।**

**নির্ধারিত ক্যাটাগরি সিলেক্ট করে পরবর্তী ধাপ/ Next Step এ ক্লিক করুন।**

### জ. ব্যক্তিগত ও পারিবারিক তথ্যাদিঃ



১. আবেদনকারীর এনআইডি/ স্মার্ট কার্ড অনুযায়ী নাম, পিতা/ স্বামীর নাম এবং মাতার নাম টাইপ করে দিন; (বাংলায়)

২. এনআইডি/ স্মার্ট কার্ড অনুযায়ী, আপনার বয়স হিসাব করুন। নির্দিষ্ট বাটন/ আইকন () সিলেক্ট করে, ৩টি অপশনের মধ্যে নির্ধারিত বয়স সিলেক্ট করুন। যেমনঃ আপনার বয়স যদি ২৮ বছর ৩ মাস তাহলে আপনি সিলেক্ট করুন ১৮-৬৪ বছর।

৩. (আবেদনপত্রের ৪ নং) আপনার ব্যবসায়িক ঠিকানা, যেখানে আপনার ব্যবসা/ উদ্যোগটি পরিচালিত হয়, সংক্রান্ত বিস্তারিত তথ্য দিন। ঠিকানা দেয়ার ক্ষেত্রে, জেলার নাম, থানার নাম, ওয়ার্ড বাটন/ আইকন () সিলেক্ট করে নির্দিষ্ট করুন। বিস্তারিত অংশে ব্যবসা/ দোকান/ উদ্যোগের নাম (যদি থাকে), বাড়ির হোল্ডিং নং, সড়ক নং/ নাম, পাড়া/ গ্রাম/ এলাকার নাম নির্দিষ্ট লাইন বিস্তারিত টাইপ করে লিখুন।

৪. আপনার স্থায়ী ঠিকানা এবং বর্তমান ঠিকানা নির্ধারিত অংশে জেলা, উপজেলা/ থানাসমেত বিস্তারিত লিখুন।

৫. আপনার জাতীয় পরিচয়পত্র (NID) টি কোন ধরনের তা সিলেক্ট করুন ()। স্মার্ট জাতীয় পরিচয়পত্র (NID) হলে ১০ ডিজিটের এবং সাধারন জাতীয় পরিচয়পত্র (NID) হলে ১৩/১৭ ডিজিটের নম্বরটি নির্ভুলভাবে লিখে দিন।


আপনার ব্যবসা/ উদ্যোগের বিপরীতে কিংবা নিজ নামে টিআইএন (TIN) সার্টিফিকেট (যদি থাকে), তবে এর নম্বরটি লিখে দিন।

**প্রদত্ত তথ্যাদি দেখুন, সঠিক থাকলে পরবর্তী ধাপ/Next Step এ ক্লিক করুন।**

## (ক) ডিএসকে ঋণ কর্মসূচির তথ্য অথবা (খ) এনজিও/ ব্যাংক/ মহাজন ঋণ সংক্রান্ত তথ্য

গ্রাহকের (আপনার) ক্যাটাগরি বিবেচনায় ডিএসকে কিংবা অন্য আর্থিক প্রতিষ্ঠানের (এনজিও/ ব্যাংক/ মহাজন ঋণ সংক্রান্ত) সাথে আপনার লেনদেনের তথ্য চাইবে।

**ক. ডিএসকে ঋণ কর্মসূচির সদস্য ক্যাটাগরিভুক্ত হলেঃ নিম্নোক্ত পেইজ দেখা যাবে**




১০ - ১১ নংঃ ডিএসকে ঋণ কর্মসূচিতে আইডি/ সদস্য নং (৯ ডিজিট) ডিএসকে প্রদত্ত ঋণ পাশবইয়ে আছে, যা এখানে হুবহু লিখে দিতে হবে।

১২-১৬নংঃ চাহিত তথ্যাদি সদস্যের ঋণ পাশবই থেকে দিতে হবে। ঋণের ব্যালেন্স/ স্থিতি বলতে, গৃহীত চলমান ঋণ থেকে মোট পরিশোধ বাদ দিয়ে অবশিষ্ট অর্থ/ স্থিতি বুঝাবে। যেমনঃ যদি ডিএসকে'র নিকট আপনার গৃহীত সর্বশেষ ঋণ ১,০০,০০০ টাকা এবং গৃহীত এ ঋণ থেকে এ পর্যন্ত পরিশোধ করেছেন ২০,০০০ টাকা হয়। তাহলে বর্তমান/চলমান ঋণের পরিমান হবে ১,০০,০০০ এবং ব্যালেন্স/স্থিতি হবে (১,০০,০০০ - ২০,০০০) = ৮০,০০০ টাকা।

১৭-১৮নংঃ আবেদনপত্র পূরণকালে ডিএসকে'র বকেয়া কিস্তি পাওনা থাকলে এ সংক্রান্ত তথ্য দিতে হবে। বকেয়া না থাকলে ০ দিতে হবে এবং তখন অন্যান্য প্রশ্ন আসবে না।

**খ.** ***ডিএসকে ঋণ কার্যক্রমের সদস্য'র স্বামী/ স্ত্রী/সদস্য*** ক্যাটাগরিভুক্ত হলেঃ **নিম্নোক্ত পেইজ দেখা যাবে**



১১ নংঃ ডিএসকে'র ঋণ গ্রহীতার সাথে আপনার (আবেদনকারীর) সম্পর্ক কি ধরনের সেটা প্রদত্ত অপশন থেকে নির্বাচন করবেন।

১২ - ১৫ নংঃ ডিএসকে ঋণ কর্মসূচিতে আইডি/ সদস্য নং (৯ ডিজিট) ডিএসকে প্রদত্ত ঋণ/সঞ্চয় পাশ বইতে আছে, যা এখানে হুবহু লিখে দিতে হবে।

১৬ নং: এ অপশনে যদি "না" নির্বাচন করেন তা হলে কোন অপশন আসবে না। যদি "হ্যাঁ" নির্বাচন করেন তা হলে ১৭ নং থেকে ২১ নং অপশন দেখা যাবে। এই তথ্যাদি সদস্যের ঋণ পাশবই থেকে দিতে হবে। ঋণের ব্যালেন্স/স্থিতি বলতে, গৃহীত চলমান ঋণ থেকে মোট পরিশোধ বাদ দিয়ে অবশিষ্ট অর্থ/ স্থিতি বুঝাবে। যেমনঃ যদি আপনার ডিএসকে'র নিকট সর্বশেষ ঋণ ১,০০,০০০ টাকা এবং গৃহীত ঋণ থেকে এ পর্যন্ত পরিশোধ করেছেন ২০,০০০ টাকা। তাহলে বর্তমান/চলমান ঋণের পরিমান হবে ১,০০,০০০ এবং ব্যালেন্স/স্থিতি হবে (১,০০,০০০ - ২০,০০০)= ৮০,০০০ টাকা।

গ. **অনলাইন/ই-কমার্স ব্যবসায়ী** ক্যাটাগরিভুক্ত হলেঃ

**১১-১৫ নং:** আবেদনকারী অন্য কোন এনজিও/ ব্যাংক/ মহাজন ইত্যাদি থেকে ঋণ গ্রহণ (যদি থাকে) সংক্রান্ত তথ্য দিতে হবে। কারো কাছ থেকে ঋণ না নিয়ে থাকলে, 'না' অংশ ক্লিক (নির্বাচন করা)করুন, বাদবাকি তথ্য চাইবে না। **এখানে মহাজন বা ব্যক্তি ঋণ ব্যতীত সকল প্রাতিষ্ঠানিক ঋণ (এনজিও/ ব্যাংক/ সমবায় সমিতি) সমন্বিত/ যোগ করে দিতে হবে।** বর্তমান/ চলমান ঋণের পরিমান হবে, পূর্বের পূর্ণ পরিশোধ বাদ দিয়ে, যত টাকার মূল ঋণ বর্তমানে চলমান আছে। ব্যালেন্স/ স্থিতি হবে গৃহীত মূল ঋণের বিপরীতে কিস্তি/ আংশিক পরিশোধের পর বাদবাকী দেনা(দায়)। যেমনঃ আপনার একটি এনজিও এবং একটি সমবায় সমিতির (২টি ) ঋণ চলমান আছে, মোট গৃহীত ঋণের পরিমান, যথাক্রমে ৫০,০০০ ও ২০,০০০= ৭০,০০০ টাকা এবং উক্ত ঋণ থেকে এ পর্যন্ত পরিশোধ করেছেন যথাক্রমে ৩০,০০০ ও ১০,০০০=৪০,০০০ টাকা। তাহলে বর্তমান/ চলমান ঋণের পরিমান হবে ৭০,০০০ এবং ব্যালেন্স হবে (৭০,০০০ - ৪০,০০০)= ৩০,০০০ টাকা।

**১৬ নং:** আপনার পরিবারের কোন সদস্য কিংবা কোন আত্মীয় (**যিনি আপনাকে চিনেন/ জানেন**) ডিএসকে'র সদস্য/ ঋণ গ্রহীতা হলে তাঁর নিকট থেকে পরিচিতি সংক্রান্ত আইডি নং (৯ ডিজিট) নিয়ে এখানে বসাতে হবে।

**১৮-৩৩ নং:** আপনার ব্যবসা সংক্রান্ত সকল তথ্য সঠিকভাবে পূরণ করুন।

ঘ. **সাধারণ ব্যবসায়ী/ উদ্যোক্তা** ক্যাটাগরিভুক্ত হলেঃ

**১১-১৫ নং:** আবেদনকারী অন্য কোন এনজিও/ ব্যাংক/ মহাজন ইত্যাদি থেকে ঋণ গ্রহণ (যদি থাকে) সংক্রান্ত তথ্য দিতে হবে। কারো কাছ থেকে ঋণ না নিয়ে থাকলে 'না' অংশ নির্বাচন করুন, বাদবাকি তথ্য চাইবে না। **এখানে মহাজন বা ব্যক্তি ঋণ ব্যতীত সকল প্রাতিষ্ঠানিক ঋণ (এনজিও/ ব্যাংক/ সমবায় সমিতি) সমন্বিত/ যোগ করে দিতে হবে।** বর্তমান/ চলমান ঋণের পরিমান হবে, পূর্বের পূর্ণ পরিশোধ বাদ দিয়ে, যত টাকার মূল ঋণ বর্তমানে চলমান আছে। ব্যালেন্স/ স্থিতি হবে গৃহীত মূল ঋণের বিপরীতে কিস্তি/ আংশিক পরিশোধের পর বাদবাকী দেনা(দায়)। যেমনঃ আপনার একটি এনজিও এবং একটি সমবায় সমিতির (২টি ) ঋণ চলমান আছে, মোট গৃহীত ঋণের পরিমান, যথাক্রমে ৫০,০০০ ও ২০,০০০= ৭০,০০০ টাকা এবং উক্ত ঋণ থেকে এ পর্যন্ত পরিশোধ করেছেন যথাক্রমে ৩০,০০০ ও ১০,০০০=৪০,০০০ টাকা। তাহলে বর্তমান/ চলমান ঋণের পরিমান হবে ৭০,০০০ এবং ব্যালেন্স হবে (৭০,০০০ - ৪০,০০০)= ৩০,০০০ টাকা।

**১৬-১৭ নং:** প্রাতিষ্ঠানিক ঋণ ব্যতীত কোন ব্যক্তি/ মহাজন থেকে সুদে ঋণী থাকলে (চলমান) প্রাসঙ্গিক তথ্য দিতে হবে।


**১৮-১৯ নং:** আপনার পরিবারের কোন সদস্য কিংবা কোন আত্মীয় (**যিনি আপনাকে চিনেন/ জানেন**), ডিএসকে'র সদস্য/ ঋণ গ্রহীতা হলে তাঁর নিকট থেকে পরিচিতি সংক্রান্ত আইডি নং (৯ ডিজিট) নিয়ে এখানে বসাতে হবে।

**প্রদত্ত তথ্যাদি দেখুন, সঠিক থাকলে পরবর্তী ধাপ/ Next Step এ ক্লিক করুন।**

## উদ্যোগ/ ব্যবসা সম্পর্কিত তথ্য

**গ্রাহকের (আপনার) ক্যাটাগরি বিবেচনায় আপনার উদ্যোগ/ ব্যবসা সম্পর্কিত তথ্যাদি চাইবে এ অংশে।**

ক. **ডিএসকে ঋণ কর্মসূচির সদস্য হলেঃ নিম্নোক্ত পেইজ দেখা যাবে**




১৯-২৭ নংঃ আপনার ব্যবসা/ উদ্যোগটি কত দিন ধরে চলছে এবং তা দৃশ্যমান কিনা? এ সংক্রান্ত তথ্য দিবেন।

ব্যবসাটিতে মোট বিনিয়োগ কিংবা সম্পদ (সব কিছু বিবেচনায় নিয়ে) হিসাব করে দিতে হবে। যেমন: আপনার একটি মুদি দোকান আছে, যেখানে মালামাল আছে ২,০০,০০০ টাকা, মার্কেটে বিক্রিত পণ্যের বিপরীতে পাওনা ১,০০,০০০ টাকা, দোকান ঘরের মালিককে অগ্রিম দিয়েছেন ৫০,০০০ টাকা, মাল ক্রয়ের জন্য অগ্রিম দিয়েছেন ২০,০০০ এবং ব্যাংক জমা ও নগদ আছে ১০,০০০ টাকা। মোট বিনিয়োগ হবে (২,০০,০০০+১,০০,০০০+৫০,০০০+২০,০০০+১০,০০০)=৩,৮০,০০০ টাকা। আবার এ ব্যবসার বিপরীতে ২টি এনজিও থেকে ঋণ নিয়েছেন ২,০০,০০০ লক্ষ টাকা, যেখানে পরিশোধের পর স্থিতি আছে ১,২০,০০০, বড় দোকানদার/ আড়তদার এর নিকট দেনা ১,০০,০০০ টাকা। তাহলে, মোট দেনা/পরিশোধযোগ্য হবে (১,২০,০০০+১,০০,০০০)= ২,২০,০০০ টাকা।

ব্যবসার বিনিয়োগ/ সম্পদসমেত আপনার মোট সম্পদ হিসাব করে দিতে হবে। ব্যবসায় বিনিয়োগ ছাড়াও আপনার স্থাবর সম্পত্তি (জমি, বাড়ী ইত্যাদি) ও অস্থাবর (ফার্নিচার, গয়না, ইলেকট্রনিক ইত্যাদি) আছে ২০,০০,০০০ টাকা। তাহলে মোট সম্পদ হবে (২০,০০,০০০+৩,৮০,০০০)= ২৩,৮০,০০০ টাকা।

ব্যবসায় গড়ে প্রতিমাসে কত মুনাফা হয় তা টাকার অংকে উল্লেখ করবেন।

**খ.** ***ডিএসকে ঋণ কার্যক্রমের সদস্য'র স্বামী/ স্ত্রী/ সদস্য*** ক্যাটাগরিভুক্ত হলেঃ **নিম্নোক্ত পেইজ দেখা যাবে**



| | |
|---|---|
| ২২. আপনার ব্যবসাটির বয়স কত/ কতদিন ধরে ব্যবসা করছেন (মাস)? * : | নির্বাচন করুন |
| ২৩. আপনার ব্যবসাটি কি দৃশ্যমান/ অদৃশ্যমান * : | নির্বাচন করুন |
| ২৪.ব্যবসায় মোট বিনিয়োগ/ সম্পদ কত (টাকায়)? * : | টাকা উল্লেখ করেন |
| ২৫.আপনার ব্যবসায় মোট দায়/ অন্যের পাওনা কত (টাকায়)? * : | টাকা উল্লেখ করেন |
| ২৬.ব্যবসা ব্যতীত আপনার নিজের/ পরিবারের মোট সম্পদের পরিমাণ (টাকায়)? * : | টাকা উল্লেখ করেন |
| ২৭.আপনার ব্যবসায় মাসিক গড়ে মুনাফা/ লাভ (সর্বশেষ তিন মাসের গড়)? * : | টাকা উল্লেখ করেন |
| ২৮.আপনার ব্যবসার ধরন সিলেক্ট করুন * : | নির্বাচন করুন |
| ২৯.ব্যবসায় মাসিক গড় বিক্রয় * : | টাকা উল্লেখ করেন |
| ৩০.কি জন্য ঋণ এর প্রয়োজন * : | জরুরী ব্যক্তিগত/পারিবারিক |


২২-৩০ নংঃ আপনার ব্যবসা/ উদ্যোগটি কত দিন ধরে চলছে এবং তা দৃশ্যমান কিনা? এ সংক্রান্ত তথ্য দিবেন।

ব্যবসাটিতে মোট বিনিয়োগ কিংবা সম্পদ (সব কিছু বিবেচনায় নিয়ে) হিসাব করে দিতে হবে। যেমন: আপনার একটি মুদি দোকান আছে, যেখানে মালামাল আছে ২,০০,০০০ টাকা, মার্কেটে বিক্রিত পণ্যের বিপরীতে পাওনা ১,০০,০০০ টাকা, দোকান ঘরের মালিককে অগ্রিম দিয়েছেন ৫০,০০০ টাকা, মাল ক্রয়ের জন্য অগ্রিম দিয়েছেন ২০,০০০ এবং ব্যাংক জমা ও নগদ আছে ১০,০০০ টাকা। মোট বিনিয়োগ হবে (২,০০,০০০+১,০০,০০০+৫০,০০০+২০,০০০+১০,০০০)=৩,৮০,০০০ টাকা। আবার এ ব্যবসার বিপরীতে ২টি এনজিও থেকে ঋণ নিয়েছেন ২,০০,০০০ লক্ষ টাকা, যেখানে পরিশোধের পর স্থিতি আছে ১,২০,০০০, বড় দোকানদার/ আড়তদার এর নিকট দেনা ১,০০,০০০ টাকা তাহলে মোট দেনা/পরিশোধযোগ্য হবে (১,২০,০০০+১,০০,০০০)= ২,২০,০০০ টাকা।

ব্যবসার বিনিয়োগ/ সম্পদসমেত আপনার মোট সম্পদ হিসাব করে দিতে হবে। ব্যবসার বিনিয়োগ ছাড়াও আপনার স্থাবর সম্পত্তি (জমি, বাড়ী ইত্যাদি) ও অস্থাবর (ফার্নিচার, গয়না, ইলেকট্রনিক ইত্যাদি) আছে ২০,০০,০০০ টাকা। তাহলে মোট সম্পদ হবে (২০,০০,০০০+৩,৮০,০০০)= ২৩,৮০,০০০ টাকা।

ব্যবসায় গড়ে প্রতিমাসে কত মুনাফা হয় তা টাকার অংকে উল্লেখ করবেন।

**গ.** **অনলাইন/ই-কমার্স ব্যবসায়ী** ক্যাটাগরিভুক্ত হলেঃ **নিম্নোক্ত পেইজ আসবে**



**১৮-৩৩ নং** আপনার ব্যবসা/ উদ্যোগটি কত দিন ধরে চলছে এবং তা দৃশ্যমান কিনা? এ সংক্রান্ত তথ্য দিবেন।


১৮ থেকে ২৬ নং পর্যন্ত আপনার সঠিক অপশন টি নির্বাচন করে তথ্য প্রদান করবেন। ২২ নং: ডিএসকে ইকমার্স (ডিএসকে মার্ট লি: এর সাথে আপনার কোন ধরনের ব্যবসা থাকলে, কত বছর ধরে আছে তা অপশন থেকে সিলেক্ট/ নির্বাচন করুন। না থাকলে ০ সিলেক্ট করুন।

২৩-২৫ নং: আপনার অনলাইন/ই-কমার্স ব্যবসার ওয়েবসাইট/ফেসবুক ও ইন্সটাগ্রাম ইত্যাদিতে কোন পেইজ থাকলে তথ্য দিন এবং লাইক কত তা অপশন থেকে সিলেক্ট করুন।

২৬-২৭নং: আপনার বিক্রয়ের মধ্যে মোট কত টাকা ডিজিটালি লেনদেন হয় (অনলাইনে-ক্রেডিট/ডেবিট কার্ড, এমএফএস-বিকাশ/রকেট ইত্যাদি) তার পরিমান (টাকা) উল্লেখ করুন।

২৮-৩৩ নং: উপরের (ক ও খ) অনরূপ।

**ঘ. সাধারণ ব্যবসায়ী/উদ্যোক্তা** ক্যাটাগরিভুক্ত হলেঃ **নিম্নোক্ত পেইজ দেখা যাবে**



১৮-৩০ নং: আপনার (আবেদনকারীর) ব্যবসার মালিকানা, বৈধ কাগজপত্র, ব্যবসার ধরন, ব্যবসা/উদ্যোগ পরিচালনা কাল /সময় ইত্যাদি প্রাসঙ্গিক তথ্য অপশন থেকে সিলেক্ট করে দিন।

ব্যবসাটিতে মোট বিনিয়োগ কিংবা সম্পদ (সব কিছু বিবেচনায় নিয়ে) হিসাব করে দিতে হবে। যেমন: আপনার একটি মুদি দোকান আছে, যেখানে মালামাল আছে ২,০০,০০০ টাকা, মার্কেটে বিক্রিত পণ্যের বিপরীতে পাওনা ১,০০,০০০ টাকা, দোকান ঘরের মালিককে অগ্রিম দিয়েছেন ৫০,০০০ টাকা, মাল ক্রয়ের জন্য অগ্রিম দিয়েছেন ২০,০০০ এবং ব্যাংক জমা ও নগদ আছে ১০,০০০ টাকা। মোট বিনিয়োগ হবে (২,০০,০০০+১,০০,০০০+৫০,০০০+২০,০০০+১০,০০০)=৩,৮০,০০০ টাকা। আবার এ ব্যবসার বিপরীতে ২টি এনজিও থেকে ঋণ নিয়েছেন ২,০০,০০০ লক্ষ টাকা, যেখানে পরিশোধের পর স্থিতি আছে ১,২০,০০০, বড় দোকানদার/ আড়তদার এর নিকট দেনা ১,০০,০০০ টাকা তাহলে মোট দেনা/পরিশোধযোগ্য হবে (১,২০,০০০+১,০০,০০০)= ২,২০,০০০ টাকা।

ব্যবসার বিনিয়োগ/ সম্পদসমেত আপনার মোট সম্পদ হিসাব করে দিতে হবে। ব্যবসার বিনিয়োগ ছাড়াও আপনার স্থাবর সম্পত্তি (জমি, বাড়ী ইত্যাদি) ও অস্থাবর (ফার্নিচার, গয়না, ইলেকট্রনিক ইত্যাদি) আছে ২০,০০,০০০ টাকা। তাহলে মোট সম্পদ হবে (২০,০০,০০০+৩,৮০,০০০) = ২৩,৮০,০০০ টাকা।

ব্যবসায় গড়ে প্রতিমাসে কত মুনাফা হয় তা টাকার অংকে উল্লেখ করবেন।

**৩০. চাহিত ঋণ কি কাজে ব্যবহার করা হবে, তা অপশন থেকে সিলেক্ট করে দিন। ডিএসকে ই-লোন আপনার উদ্যোগ/ব্যবসার চলতি মূলধন চাহিদাকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করবে।**

**প্রদত্ত তথ্যাদি দেখুন, সঠিক থাকলে পরবর্তী ধাপ/ Next Step এ ক্লিক করুন।**

## ঋণ চাহিদা সম্পর্কিত তথ্য

**ক. সকল ক্যাটাগরির ক্ষেত্রে নিম্নোক্ত ছক আসবে।**

৩১ -৩৩ নংঃ প্রথমবার ই-লোন -এর জন্য আবেদন করে থাকলে " ইতোপূর্বে ডিএসকে ই-ঋণ নিয়েছেন" অংশে 'না' সিলেক্ট করুন। পূর্বের ই-লোন গ্রহীতা হলে সর্বশেষ ই -লোন সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য দিন।

ঋণ চাহিদা টাইপ করে সংখ্যায় লিখার দরকার নেই। কারসর (▼) সিলেক্ট বাটন ধরে ঋণের পরিমান এবং পরিশোধের সময় (৩/৬/৯/১১ মাস) সিলেক্ট করুন। স্বয়ংক্রিয়ভাবে, মাসিক ঋণকিস্তি (EMI) এবং মোট পরিশোধযোগ্য টাকার পরিমান দেখাবে। প্রয়োজনে একাধিকবার পরিবর্তন করে চাহিত ঋণ (টাকা) এবং পরিশোধের সময় নির্ধারণ/সিলেক্ট করুন।

**ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য ঃ** পরবর্তী অংশে আপনার ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্য দিন। এ অংশে ঋণের অর্থ লেনদেন হবে এমন ব্যাংকের তথ্য দিন। ব্যাংক হিসাবটি অবশ্যই আবেদনকারীর নিজ নামে কিংবা ব্যবসা প্রতিষ্ঠানের নামে হতে হবে।

আপনি ঋণের অর্থ লেনদেনের জন্য এমএফএস (নগদ/ বিকাশ/ রকেট ইত্যাদি) হিসাব ব্যবহার করতে চাইলে এখানে আপনার এমএফএস-এর তথ্য দিন। লক্ষ্য রাখবেন, এমএফএস হিসাবটি আপনার নিজের নিয়ন্ত্রণে থাকতে হবে।

**প্রদত্ত তথ্যাদি দেখুন, সঠিক থাকলে পরবর্তী ধাপ/ Next Step এ ক্লিক করুন।**

## জামিনদার/ গ্যারান্টার সম্পর্কিত তথ্য

৩৩ -৩৫নংঃ আবেদনের এ অংশে গ্যারান্টার/ জামিনদারের তথ্য চাইবে। গ্যারান্টার/ জামিনদার নির্বাচনে আপনাকে সতর্ক হতে হবে, কারণ আপনার সকল তথ্যাদির সাথে আপনার নির্বাচিত গ্যারান্টারকেও সংশ্লিষ্ট ঋণ কর্মকর্তা পরিদর্শনপূর্বক মূল্যায়ন করবে। মনোনীত ব্যক্তি আপনার ঋণের যথার্থ গ্যারান্টার/ জামিনদার কিনা- তা নিশ্চিত হবেন।

গ্যারান্টার হবেন-" ***আবেদনকারীর পরিবারের সদস্য নয় এমন কেউ গ্যারান্টার মনোনীত হবেন, যিনি দোকান/ উদ্যোগ ঘরের মালিক কিংবা সম পর্যায়ের অন্য কোন দৃশ্যমান উদ্যোগ/ ব্যবসার মালিক"। তিনি আপনার ব্যক্তিগত জীবন, পারিবারিক জীবন এবং ব্যবসা/ উদ্যোগ সম্পর্কে বিস্তারিত জানবেন। সঠিক তথ্যাদি জানাতে সমর্থ হবেন।***

মনোনীত গ্যারান্টার/ জামিনদারের প্রাসঙ্গিক তথ্যাদি (নাম, জাতীয় পরিচয় পত্র নং, বর্তমান ঠিকানা, ফোন নং) সংশ্লিষ্ট ছকে পূরণ করবেন।

## সংযুক্তি

আপনার ক্যাটাগরি, চাহিত ঋণের পরিমান, পরিশোধকাল ইত্যাদি বিবেচনায় অপরিহার্য সংযুক্তি সমূহ * মার্ক চিহ্নিত থাকবে। * চিহ্নিত সংযুক্তসমূহ আপনাকে আবেদনপত্র পূরণ শেষে সংযুক্ত করতে হবে। সংযুক্তিসমূহ বিস্তারিত পূর্বেই ব্যাখ্যা করা হয়েছে।

এসকল কাগজপত্র/ সংযুক্তি পরিষ্কারভাবে ছবি তুলে রাখতে হবে অথবা স্ক্যান করে কম্পিউটার ডিভাইজ (স্মার্ট ফোন/ ট্যাব/ ল্যাপটপ/ ডেস্কটপ)-এ রাখতে হবে। তারপর এড (সংযুক্ত) বাটনে ক্লিক করে, একটির পর একটি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র পূরণ শেষে রিভিউ/পুন:পরীক্ষা অংশে চেক করে দেখুন- সকল কাগজপত্র জমা দেয়া হলো কিনা? ভুল হলে মুছে দিয়ে, সঠিক ফাইল নির্বাচনপূর্বক কাগজপত্র সংযুক্ত করুন।

## রিভিউ/ পুনঃপরীক্ষা

আবদনপত্রটি পূরণ শেষে সাবমিট/ কনফার্ম করার পূর্বে স্বয়ংক্রিয়ভাবে একটি 'রিভিউ/ পুনঃপরীক্ষা' পেইজ দেখাবে। এখানে আপনার পূরণকৃত তথ্যাদি সংযুক্তি সমেত বিস্তারিত দেখা যাবে। কোন ভুল-ভ্রান্তি থাকলে তা পুনরায় পূর্বস্থানে(সেকশনে) গিয়ে সংশোধন করতে হবে। সঠিক থাকলে 'সাবমিট/ কনফার্ম' বাটন ক্লিক করে সাবমিট করুন।

**আবেদনপত্রটি যথাযথভাবে সাবমিট হলে আপনার মোবাইল ফোনে আইডি সমেত একটি স্বয়ংক্রিয় বার্তা আসবে।**

**আপনার আবেদনপত্রটির হালনাগাদ অবস্থা আপনি** *DSK e-Loan* **এ দেখতে পাবেন। আবেদনপত্রটি ডাউনলোড করতে পারেন, প্রিন্ট করতে পারেন। আপনার লোন আইডি দিয়ে সর্বশেষ অবস্থা ট্র্যাক করতে (জানতে) পারেন।**